# আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ২৬৮

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬) প্রয়োজনীয় স্থানে মসজিদ নির্মাণের প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في بناء المساجد في الأمكنة المحتاجة إليها

---

আরবী

(صحيح) عُثْمَانَ بْنَ عَفَّانَ رَضِيَ اللَّهُ عَنْهُ أَنَّهُ قَالَ: عِنْدَ قَوْلِ النَّاسِ فِيهِ حِينَ بَنَى مَسْجِدَ الرَّسُولِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّكُمْ أَكْثَرْتُمْ وَإِنِّي سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ مَنْ بَنَى مَسْجِدًا قَالَ بُكَيْرٌ حَسِبْتُ أَنَّهُ قَالَ يَبْتَغِي بِهِ وَجْهَ اللَّهِ بَنَى اللَّهُ لَهُ بَيْتًا فِي الْجَنَّةِ. رواه البخاري ومسلم وغيرهما

বাংলা

২৬৮. (সহীহ্) উছমান বিন আফফান (রাঃ) হতে বর্ণিত। তিনি যখন রাসূলুল্লাহ্ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর মসজিদ পুণঃনির্মাণ করলেন তখন লোকেরা সমালোচনা করছিল। তার জবাবে তিনি বললেনঃ তোমরা আমার বিরুদ্ধে অনেক বেশী কথা বলেছ। আমি রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে একথা বলতে শুনেছিঃ ”আল্লাহর সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে যে ব্যাক্তি একটি মসজিদ তৈরি করবে, আল্লাহ্ তার জন্যে জান্নাতে একটি ঘর তৈরী করবেন।”

অন্য বর্ণনায়ঃ ”আল্লাহ্ তার জন্যে অনুরূপ ঘর তৈরী করবেন।”

(হাদীছটি বর্ণনা করেছেন বুখারী ৪৫০ ও মুসলিম ৪৩৩ প্রমূখ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ উসমান ইবন আফফান (রাঃ)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88039

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন